গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নম্বর ১৮.০০.০০০০.০২৪.১৫.০০১.১৮(অংশ-১).৫৮৩

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪৩২ / ১৭ নভেম্বর ২০২৫

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসে মেরিটাইম এ্যাফেয়ার্স উইং এর কাউন্সেলর (মেরিটাইম এ্যাফেয়ার্স) পদে কর্মকর্তা নিয়োগ পুন:বিজ্ঞপ্তি।

বিদেশস্থ বাংলাদেশ মিশনে বিশেষ ধরণের উইং/সেটআপ এ কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসে মেরিটাইম এ্যাফেয়ার্স উইং এর কাউন্সেলর (মেরিটাইম এ্যাফেয়ার্স) পদে কর্মকর্তা নিয়োগের জন্য জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডভুক্ত কর্মকর্তাগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০২. সংযুক্ত "জীবন বৃত্তান্ত ছক"-এ যোগ্য/আগ্রহী কর্মকর্তাদের নিকট থেকে স্ব স্ব অধিদপ্তর/সংস্থার যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদন করতে হবে।

| পদের নাম | পদ সংখ্যা | আবেদনকারীর যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|
| ১। কাউন্সেলর (মেরিটাইম এ্যাফেয়ার্স) | ০১ (এক) টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেডভুক্ত অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্য হতে বদলীর মাধ্যমে। | -নৌপরিবহন মন্ত্রণালয়ে অধীন লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাস কার্যালয়ে কাউন্সেলর (মেরিটাইম এ্যাফেয়ার্স) এর দায়িত্ব পালন;<br>-বাংলাদেশ সরকারের পক্ষে আইএমও-এর সভাসমূহ এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়ার্কসপ/সেমিনারসমূহে বাংলাদেশ প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ ও গৃহীত কার্যক্রম সম্পর্কে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ;<br>-আইএমওসহ শিপিং সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক/আঞ্চলিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;<br>-শিপিং সংক্রান্ত আন্তর্জাতিক/আঞ্চলিক কনভেনশন/চুক্তি অনুসমর্থনের জন্য সরকারকে পরামর্শ প্রদান এবং সে অনুযায়ী বিধি বিধান প্রণয়নে সহায়তা প্রদান;<br>-নাবিক ও নৌবাণিজ্য সংক্রান্ত সমস্যাবলীর সমাধান ও উন্নয়নে করণীয় সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;<br>-আইএমও কর্তৃক প্রণীত বিভিন্ন কনভেনশন, রেজুলেশন, কোড ইত্যাদি পরীক্ষান্তে করণীয় নির্ধারণ;<br>-মেরিটাইম ও শিপিং চুক্তি বিষয়ক কার্যক্রম গ্রহণ; এবং<br>-আন্তর্জাতিক কনভেনশনসমূহ পরীক্ষাপূর্বক সেগুলি বাস্তবায়নের সুপারিশ প্রদান। |

**শর্তাবলিঃ**

১। সরকারি অধিদপ্তর/সংস্থার কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ৩০.১১.২০২৫ তারিখের মধ্যে "জীবন বৃত্তান্ত ছক" পূরণপূর্বক সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে।

২। শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট সমূহের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি সহকারে আবেদন করতে হবে।

৩। যে সকল কর্মকর্তার সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রী আছে তারা অগ্রাধিকার পাবেন।

৪। আবেদনপত্র ব্যক্তিগতভাবে/ডাকযোগে নির্ধারিত তারিখের মধ্যে উপসচিব (জাহাজ) শাখা, বিল্ডিং নং-৬, কক্ষ নং-৮০৪)-এর নিকট পৌঁছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ণ ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫। ১লা জানুয়ারি ১৯৯২ তারিখের পর যদি কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারীর সন্তান জন্মগ্রহণ করে এবং এর ফলে তাঁর সন্তান সংখ্যা যদি দুই এর অধিক হয়, সেক্ষেত্রে তিনি আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

৬। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪ (চার) বছরের কম রয়েছে তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৮। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না।

৯। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতাকরণ সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

১০। নৌপরিবহন মন্ত্রণালয়ের ০৪.০৬.২০২৫ তারিখের ১৮.০০.০০০০.০২৪.১৫.০০১.১৮ (অংশ-১)-২০৬ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২৭.১১.২৫


ড. এম. এম. মাজেদুল ইসলাম
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd


**বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সচিব/সচিব ..............................মন্ত্রণালয়/বিভাগ, ........................ ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার সকলকে অবহিত করার জন্য অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (সকল), যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
৭। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইট/সামাজিক যোগাযোগ মাধ্যমে জীবনবৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধসহ)

# জীবন-বৃত্তান্ত ছক

১। নাম ও পরিচিতি নং (যদি থাকে):

২। বর্তমান আবাসিক ঠিকানা:

৩। স্থায়ী ঠিকানা:

৪। জন্ম তারিখ:

৫। পদবি এবং বর্তমান কর্মস্থল:

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ:

৭। বর্তমান বেতন স্কেল:

৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ:

৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারের চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত):

১০। ইতঃপূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করেছেন তার মেয়াদ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ:

১১। বিগত ৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা:

১২। শিক্ষাগত যোগ্যতা (এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করতে হবে):

১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ:

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান ইনস্টিটিউশনের নামসহ | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | |
| (খ) বিদেশী | | | |

১৪। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে):

১৫। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে):

১৬। বিবাহিত/অবিবাহিত:

১৭। সন্তান সংখ্যা:
(প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে):

১৮। প্রার্থিত পদের নাম ও বাণিজ্যিক উইং এর নাম:

১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) (অতিরিক্ত তথ্য যদি থাকে স্বতন্ত্র কাগজে সংযোজনপূর্বক স্বাক্ষর করতে হবে):

আবেদনকারীর স্বাক্ষর

ফোন নম্বর: (অফিস)
(বাসা)
মোবাইল নম্বর:
ই-মেইল: